



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

ফোন: ০২৩৩৩৩৭২০৬৩, মোবাইল: ০১৮৮৩০১১৭০১, ০১৩০৯১০৭৮১৮

Email: rgcchtd@yahoo.com, Website: www.rangamaticollege.gov.bd

স্মারক নং- রাসক/

তারিখ: ১৬/১০/২০২৩ খ্রি.

## বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজের নিয়মিত শিক্ষার্থীবৃন্দ ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ১৮/১০/২০২৩ খ্রি. বুধবার 'শেখ রাসেল দিবস'-২০২৩ উদযাপন উপলক্ষে রাঙ্গামাটি সরকারি কলেজের পক্ষ থেকে 'শেখ রাসেল দেয়ালিকা' প্রকাশ করা হবে। দেয়ালিকায় প্রকাশের জন্য কলেজের নিয়মিত শিক্ষার্থীদের কাছ থেকে স্বরচিত গল্প, কবিতা, ছড়া, সৃষ্টিশীল লেখা এবং নিজের আঁকা ছবি আহ্বান করা হচ্ছে। আহ্বান ছাত্র/ছাত্রীদেরকে আগামী ১৭/১০/২০২৩ খ্রি. তারিখ মঙ্গলবার বেলা ২:০০ টার মধ্যে স্বহস্তে লিখিত লেখা ও নিজের আঁকা ছবি সশরীরে উপস্থিত থেকে জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। নির্ধারিত সময়ের পর আর কোনো লেখা ও ছবি জমা নেয়া হবে না। নিম্নে বর্ণিত শিক্ষকদ্বয়ের নিকট লেখা ও ছবি জমা দিতে হবে-

- ১। জনাব অনির্বাণ বড়ুয়া, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ, অত্র কলেজ। মোবাইল: ০১৫৫৩৫৮৮৯৯৪
- ২। জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রভাষক, পালি বিভাগ, অত্র কলেজ। মোবাইল: ০১৫১৫২০১১৮৫

লেখা ও ছবির ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলি অবশ্যই অনুসরণ করতে হবে-

- ১। লেখা অবশ্যই সুন্দর ও স্পষ্ট অক্ষরে স্বহস্তে লিখিত এবং ছবি নিজের হাতে অঙ্কিত হতে হবে।
- ২। গল্প ও অন্যান্য সৃজনশীল লেখা অবশ্যই অনধিক ২০০ (দুই শত) শব্দসীমার মধ্যে হতে হবে।
- ৩। কবিতা ও ছড়া অনধিক ৩ (তিন) স্তবকের মধ্যে হতে হবে।
- ৪। লেখা অবশ্যই A-4 অফসেট কাগজে হতে হবে। অন্যথায় লেখা গ্রহণ করা হবে না। কাগজের উভয় পৃষ্ঠায় লেখা যাবে না, লেখার সময় Single Page ব্যবহার করতে হবে।
- ৫। লেখার বিষয় শহীদ শেখ রাসেল ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর পরিবার সম্পর্কিত হতে হবে।
- ৬। ছবির বিষয় শহীদ শেখ রাসেল ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর পরিবার সম্পর্কিত হতে হবে।
- ৭। ছবি অবশ্যই A-4 সাইজের অফসেট কাগজে আঁকতে হবে।
- ৮। লেখা ও ছবির সঙ্গে আলাদা কাগজে অংশগ্রহণকারীর নাম, পিতার নাম, মাতার নাম, শ্রেণি, বিভাগ, রোল নম্বর, শিক্ষাবর্ষ, মোবাইল নম্বর ও ই-মেইল (যদি থাকে) উল্লেখ করতে হবে;
- ৯। কলেজ কর্তৃক ইস্যুকৃত শিক্ষার্থীর পরিচয়পত্র অথবা কলেজে সর্বশেষ শ্রেণিতে ভর্তি রশিদ এর ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ১০। লেখা ও ছবি 10" X 14" সাইজের ১টি খামে করে জমা দিতে হবে।

(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

(প্রফেসর মোহাম্মদ মনোয়ার কবীর)

আহ্বায়ক

শেখ রাসেল দিবস-২০২৩ কমিটি

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

### বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। জনাব অনির্বাণ বড়ুয়া, সহকারী অধ্যাপক (ইংরেজি), অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রভাষক (পালি), অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
- ৫। সংরক্ষণ নথি।